সমকাল

তারিখ ... 09 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

# স্বরাষ্ট্র ও শিক্ষামন্ত্রীর সমালোচনায় রাবি শিক্ষকরা

■ রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যার ১৬ দিন পার হলেও তদন্তে অগ্রগতি না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়টির শিক্ষকরা। এ সময় চাঞ্চল্যকর এই হত্যাকাণ্ডের পর রাজশাহীতে না আসায় স্বরাষ্ট্রমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর ভূমিকার কঠোর সমালোচনা করেন তারা। জামায়াতের ডাকা হরতালের মধ্যেও গতকাল রোববার সকাল ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে আয়োজিত এক মানববন্ধনে শিক্ষকরা এ সমালোচনা করেন।



অধ্যাপক রেজাউল হত্যা

এদিকে, রেজাউল করিম সিদ্দিকী হত্যার প্রতিবাদে গ্রীষ্মকালীন ছুটির মধ্যেও প্রতিদিন আধা ঘণ্টা করে মানববন্ধন কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল পূর্ব ঘোষিত কর্মসূচি শেষে এ নতুন কর্মসূচি ঘোষণা করেন সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শাহ আজম শান্তনু।

মানববন্ধনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইতিহাস বিভাগের অধ্যাপক চিত্তরঞ্জন মিশ্র, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল্লাহ, সাধারণ সম্পাদক শাহ আজম শান্তনু প্রমুখ।